



# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

শেরেবাংলা নগর, আগারগাঁও  
ঢাকা-১২০৭।



স্মারক নং- ৫৭.১৭.০০০০.৪০৩.৯৯.২৫৪৬.১৮

তারিখঃ ১৪ নভেম্বর, ২০১৮খ্রি.

বিষয়ঃ মহান বিজয় দিবস- ২০১৮ উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় পূর্বক কর্মসূচি প্রনয়ণ ও বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারন নং-৪৮.০০.০০০০.০০১-১৮/১১১, তারিখঃ ১০/১০/২০১৮খ্রিঃ

সূত্রঃ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর স্মারক নং- ৫৭.০০.০০০০.০২৩.৭২.০০৭.২০১৫-৮৩৮, তারিখঃ ০৬/১১/২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মহান বিজয় দিবস-২০১৮ উদযাপন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশিত মোতাবেক নিম্ন লিখিত সিদ্ধান্ত, কর্মসূচি প্রনয়ণ ও বাস্তবায়ন করার জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অ্যাফিলিয়েটে প্রাপ্ত সকল সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

## সিদ্ধান্তঃ

ক্রমিক	সিদ্ধান্ত
০১	মহান বিজয় দিবসে সকল শিক্ষা প্রতিষ্ঠানে (সরকারি/বেসরকারি) মহান বিজয় দিবসের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে। সকল সরকারি কর্মচারীকে বিভিন্ন রাষ্ট্রীয় কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
০২	জাতীয় পর্যায়ে রচনা প্রতিযোগিতার আয়োজন এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন সংক্রান্ত দু'টি কর্মসূচি একত্রিত করে জাতীয় পর্যায়ে/সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক বিতর্ক, আবৃত্তি এবং রচনা প্রতিযোগিতাসহ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানে কর্মসূচিটি উদযাপনের ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধাগণের উপস্থিতিতে তাদের কণ্ঠে মুক্তিযুদ্ধের উল্লেখযোগ্য স্মৃতি শিক্ষার্থীদের সম্মুখে উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

## কর্মসূচিঃ

ক্রমিক	তারিখ/সময়	কর্মসূচি
০১	১৬.১২.২০১৮ সূর্যোদয়ের সাথে সাথে	সকল সরকারি, আধা সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন।
০২	১৬.১২.২০১৮	জেলা ও উপজেলা সদরে স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, ক্রীড়া অনুষ্ঠান, T-20 ক্রিকেট টুর্নামেন্ট, নৌকা বাইচ (যেখানে সম্ভব), ফুটবল, কাবাডি ও হাডুর্ডু খেলার আয়োজন।
০৩	১৬.১২.২০১৮ থেকে ৩১.১২.২০১৮	জাতীয় পর্যায়ে রচনা, বিতর্ক ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজনসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন।

আপনার প্রতিষ্ঠানে মহান বিজয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি প্রনয়ণ ও বাস্তবায়নের ছবি, বিভিন্ন ডকুমেন্টেশন সংরক্ষিত রাখবেন এবং উহার একটি প্রতিবেদন কারিগরি শিক্ষা বোর্ড বরাবর প্রেরণ করার অনুরোধ করা হলো।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড অধীনস্থ

সকল সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান

প্রকৌ. মোঃ আবদুল কুদ্দুস সরদার

পরিদর্শক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৪০৩.৯৯.২৫৪৬.১৮

তারিখঃ ১৪ নভেম্বর, ২০১৮খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষামন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. উপ-সচিব (কারিগরি-২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষামন্ত্রণালয়, ঢাকা।
৪. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৫. পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইসিটি)/পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা। (বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধ করা হলো)
৭. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, .....
৮. নথি।

মোঃ জাহিরুল ইসলাম  
উপ-পরিদর্শক (ভোকঃ)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।